

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ সংকর্মশীল ব্যক্তিদের কখনো কখনো এমন কঠিন বিপদাপদের সম্মুখিন করা হয়, যা অন্যদের মুখোমুখী করা হয় না

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الصَّالِحِينَ قَدْ تُشَدَّدُ عَلَيْهِمِ الْبَلَايَا لَمْ يُفْعَلْ ذَلِكَ بِغَيرِهِمْ

## আরবী

2908 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ السَّلَامِ بِبَيْرُوتَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَلْفِ الدَّارِيُّ قَالَ: حَدَّثَنَا مَعْمَرُ بْنُ يَعْمُرَ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ سَلَامٍ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ الدَّارِيُّ قَالَ: حَدَّثَنِي أَبُو قِلَابَةَ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ نَسِيبٍ أَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتْهُ: أَنَّ النَّبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي أَبُو قِلَابَةَ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ نَسِيبٍ أَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتْهُ: أَنَّ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَرَقَهُ وَجَعٌ فَجَعَلَ يَشْتَكِي ويتقلَّب عَلَى فِرَاشِهِ فَقَالَت لَهُ عَلَيْهِ وَسَلَّمَ طَرَقَهُ وَجَعٌ فَجَعَلَ يَشْتَكِي ويتقلَّب عَلَى فِرَاشِهِ فَقَالَت لَهُ عَلَيْهِ وَسَلَّمَ طَرَقَهُ وَجَعٌ فَجَعَلَ يَشْتَكِي ويتقلَّب عَلَى فِرَاشِهِ فَقَالَت لَهُ عَلَيْهِ وَسَلَّمَ طَرَقَهُ وَجَعٌ فَجَعَلَ يَشْتَكِي ويتقلَّب عَلَى فِرَاشِهِ فَقَالَت لَهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ عَائِشَةُ: لَوْ صَنَعَ هَذَا بَعْضَنُنَا لَوَجِدْتَ عَلَيْهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الصَّالِحِينَ قَدْ يُشَدَّدُ عَلَيْهِمْ وَإِنَّهُ لَا يُصِيب مُؤْمِنًا نَكْبَةً ل مِنْ شَوْكَةٍ فَمَا فَوْقَهَا ل إلَّا حُطَّتْ عَنْهُ بِهَا خَطِيئَةٌ ورفع له بها درجة)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2908 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1610)، ((الروض)) (819).

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ وَاهِمٌ فِي قَوْلِهِ: عَبْدُ اللَّهِ بْنُ نَسِيبٍ إِنَّمَا هُوَ عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ ـ نَسِيبُ بْنُ سِيرِينَ ـ فَسَقَطَ عَلَيْهِ الحارث فقال: عبد الله بن نسيب.

## বাংলা

২৯০৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কষ্টের মুখোমুখী হতেন। তিনি কষ্ট ব্যক্ত করতেন এবং তাঁর বিছানার উপর পার্শ্ব পরিবর্তন করতেন। তখন আয়িশা



রাদিয়াল্লাহু আনহা বলেন, "যদি আমাদের কেউ এরকম করতেন, তবে নিশ্চয়ই আপনি কষ্ট পেতেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "নিশ্চয়ই সৎকর্মশীল ব্যক্তিদের উপর কঠোরতা আরোপ করা হয়। আর কোন মুমিন ব্যক্তিকে কাঁটা বিদ্ধ হওয়া বা এর চেয়ে ছোট/বড় কোন বিপদ আরোপিত হলে এর বদৌলতে তার একটি পাপ মোচন করা হয় এবং একটি মর্যাদা উন্নীত করা হয়।" [1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "ইয়াহইয়াহ বিন আবী কাসীর 'আব্দুল্লাহ বিন নাসীব এই বক্তব্যে ভুল করেছেন। বস্তুত এটা হবে আব্দুল্লাহ বিন হারিস। নাসীব হলো ইবনু সিরীনের ছেলে। কাজেই ইয়াহইয়াহ বিন আবী কাসীরের বর্ণনায় হারিসের নাম বাদ পড়েছে। ফলে তিনি বলেছেন, 'আব্দুল্লাহ বিন নাসীব'।"

## ফুটনোট

[1] আহমাদ: ৬/১৫৯-১৬০; হাকিম: ৪/৩১৯; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ২/১৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৬১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আনূ বাকর সিদ্দীক (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92238

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন